

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

[www.bb.org.bd](http://www.bb.org.bd)

এফ, ই সার্কুলার নং-১২

আষাঢ় ২৩, ১৪২০

তারিখঃ -----

জুলাই ০৭, ২০১৩

বৈদেশিক মুদ্রায় লেনদেনের  
সকল অনুমোদিত ডিলার

প্রিয় মহোদয়গণ,

২০১৩-২০১৪ অর্থবছরে রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।

দেশের রপ্তানি বাণিজ্যকে উৎসাহিত করার লক্ষ্যে সরকার পূর্ববর্তী বছরসমূহের ন্যায় চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরেও কতিপয় পণ্য রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে জুলাই ০১, ২০১৩ হতে জুন ৩০, ২০১৪ তারিখ পর্যন্ত সময়কালে জাহাজীকৃত নিম্নোক্ত পণ্যসমূহ রপ্তানির বিপরীতে প্রতিটির পার্শ্বে উল্লিখিত হারে রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তা পরিশোধ্য হবে :

পণ্যের নাম	প্রযোজ্য হার
১) রপ্তানিমুখী দেশীয় বস্ত্রখাতে শুদ্ধ বস্ত্র ও ডিউটি ড্র-ব্যাক এর পরিবর্তে বিকল্প নগদ সহায়তা	৫.০০%
২) হোগলা, খড়, আখের ছোবড়া ইত্যাদি দিয়ে হাতের তৈরী পণ্য রপ্তানি খাতে নগদ সহায়তা	১৫.০০%-২০.০০%
৩) কৃষিপণ্য (শাকসজ্জি/ফলমূল) ও প্রক্রিয়াজাত (এগ্রোপ্রোসেসিং) কৃষিপণ্য রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকী	২০.০০%
৪) হাঁড়ের গুড়া রপ্তানি খাতে নগদ সহায়তা	১৫.০০%
৫) হাক্কা প্রকৌশল পণ্য রপ্তানি খাতে ভর্তুকী	১০.০০%
৬) ১০০% হালাল মাংস রপ্তানি খাতে ভর্তুকী	২০.০০%
৭) হিমায়িত চিংড়ি রপ্তানিতে নগদ সহায়তা	৭.৫০%
৮) চামড়াজাত দ্রব্যাদি রপ্তানি খাতে নগদ সহায়তা	১৫.০০%
৯) জাহাজ রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকী	৫.০০%
১০) নতুন পণ্য/নতুন বাজার (বস্ত্র খাত) সম্প্রসারণ সহায়তা (আমেরিকা/কানাডা/ইইউ ব্যতীত)	২.০০%
১১) বস্ত্র খাতের ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অতিরিক্ত সুবিধা (প্রচলিত নিয়মের)	৫.০০%
১২) আলু রপ্তানি খাতে নগদ সহায়তা	২০.০০%
১৩) পেট বোতল-ফ্লেক্স রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকী	১০.০০%
১৪) পাটজাত দ্রব্যাদি রপ্তানি খাতে নগদ ভর্তুকী : ক) পাটজাত চূড়ান্ত দ্রব্য (পাট সুতা ব্যতীত) খ) পাট সুতা	১০.০০% ৭.৫০%

উল্লেখ্য, উপরোক্ত ৭ নং ক্রমিক মোতাবেক চলতি অর্থ বছরে হিমায়িত চিংড়ি রপ্তানির বিপরীতে ৭.৫০% হারে নগদ সহায়তা প্রযোজ্য হবে বিধায় এফ, ই সার্কুলার নং ২৩, তারিখ ডিসেম্বর ১২, ২০০২ এবং এতদসূত্রে জারীকৃত অপরাপর এফ, ই সার্কুলার/সার্কুলার পত্রসমূহের নির্দেশনা মোতাবেক শুধুমাত্র হিমায়িত চিংড়ি রপ্তানি নগদ সহায়তার আওতাভুক্ত হবে।

রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তা প্রদান সংক্রান্ত সকল এফ, ই সার্কুলার/সার্কুলারপত্রের প্রযোজ্য অপরাপর শর্তাবলী যথারীতি অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদমর্মে অবহিতকরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জাহিরুল হক)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫১২৬০৪